জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# ভিসির অপসারণ দাবিতে সর্বাত্মক ধর্মঘট

পাল্টা কর্মসূচি ভিসির পক্ষের শিক্ষকদের

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি** ৩ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৪ মিনিটে






(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303(
30642--004-30642)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় উপাচার্যের অপসারণের দাবিতে গতকাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ করে সর্বাত্মক ধর্মঘট পালন ও বিক্ষোভ সমাবেশ করেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

**Chinese Erhu Star Xu Ke And Other International Perfo**
**South China Morning Post** | Sponsored **(https://popup.taboola.com/en/?tem**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামকে অপসারণের দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ করে সর্বাত্মক ধর্মঘট পালন ও বিক্ষোভ সমাবেশ করেছেন আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। দাবি না মানা পর্যন্ত এই কর্মসূচি চলবে বলে জানিয়েছেন তাঁরা। অন্যদিকে ‘ষড়যন্ত্র’ করে উপাচার্যের বিরুদ্ধে ‘মিথ্যা অভিযোগ’ তোলা হয়েছে—এমন দাবি করে পাল্টা কর্মসূচি পালন করেছেন উপাচার্যপন্থী শিক্ষকরা।

গতকাল বুধবার সকালে ধর্মঘট শুরুর আগের রাতে বিশ্ববিদ্যালয়ের বিশমাইল এলাকায় পরিবহন ডিপো অবরোধ করেন আন্দোলনকারীরা। এতে বিশ্ববিদ্যালয়ের গাড়ি চলাচল বিকেল পর্যন্ত বন্ধ থাকে। এরপর ঢাকার উদ্দেশে গাড়ি ছেড়ে গেছে।

অবরোধের কারণে কার্যালয়ে আসেননি উপাচার্য ফারজানা ইসলাম। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা কার্যালয়ে প্রবেশ করতে না পেরে ভবনের বাইরে অপেক্ষা করে ফিরে যান। ক্লাস-পরীক্ষা নেওয়া থেকে বিরত ছিলেন আন্দোলনরত শিক্ষকরা। ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রমে স্থবিরতা নেমে আসে। তবে বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটের পূর্বনির্ধারিত চূড়ান্ত পরীক্ষা ধর্মঘটের আওতামুক্ত ছিল।

বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পে ‘দুর্নীতি ও অনিয়মের’ অভিযোগ তুলে প্রায় দেড় মাস ধরে বিশ্ববিদ্যালয়ের বিএনপি, বাম ও আওয়ামীপন্থী (একাংশ) শিক্ষক-শিক্ষার্থীরা আন্দোলন করছেন। নির্মিতব্য তিনটি হলে স্থান পুনর্বিবেচনাসহ দুটি দাবি মেনে নিলেও দুর্নীতির অভিযোগের বিচার বিভাগীয় তদন্তের দাবি মানছেন না উপাচার্য। এ কারণে গত ১৮ সেপ্টেম্বর থেকে তাঁর পদত্যাগ দাবি করে আসছিলেন আন্দোলনকারীরা। ‘সসম্মানে পদত্যাগের’ জন্য উপাচার্যকে ১ অক্টোবর পর্যন্ত সময় বেঁধে দেন তাঁরা। এর মধ্যে পদত্যাগ না করায় তাঁর অপসারণ দাবি করে গতকাল থেকে ধর্মঘট শুরু করেন আন্দোলনকারীরা।

সকাল সাড়ে ৭টায় বিশ্ববিদ্যালয়ের নতুন ও পুরনো প্রশাসনিক ভবন অবরোধ করেন আন্দোলনকারীরা। বিকেল ৪টা পর্যন্ত এই কর্মসূচি চলে। এ ছাড়া ধর্মঘটের সমর্থনে আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন। বিশ্ববিদ্যালয়ের পুরনো প্রশাসনিক ভবন থেকে মিছিলসহকারে শহীদ মিনার ঘুরে আবার পুরনো প্রশাসনিক ভবনের সামনে এসে সমাবেশ করেন তাঁরা। এতে বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থীও অংশ নেন।

দর্শন বিভাগের অধ্যাপক রায়হান রাইন কালের কণ্ঠকে বলেন, ‘আমরা আলটিমেটাম দিয়েছিলাম স্বেচ্ছায় পদত্যাগের জন্য। কিন্তু উপাচার্য পদত্যাগ করেননি। আমাদের এখনকার কর্মসূচি তাঁকে অপসারণের কর্মসূচি। এই ক্যাম্পাস থেকে বিতাড়িত করার কর্মসূচি।’

বিশ্ববিদ্যালয় শাখা সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম বলেন, ‘আজকের (বুধবার) মতো কালও সর্বাত্মক ধর্মঘট চলবে। দাবি আদায় না হলে আরো কঠোর আন্দোলনের কর্মসূচি দেওয়া হবে।’

বিশ্ববিদ্যালয় শাখা সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের সাধারণ সম্পাদক মোহাম্মদ দিদার বলেন, ‘সারা দেশের কাছে স্পষ্ট, উপাচার্য দুর্নীতির সঙ্গে জড়িত। যৌন নিপীড়কদের পৃষ্ঠপোষক। আমরা এমন অনৈতিক উপাচার্যের অপসারণ দাবি করছি।’

ধর্মঘট চলাকালে সকাল ১১টায় উপাচার্যপন্থী ‘বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ’ পাল্টা মানববন্ধন কর্মসূচি পালন করে। বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক শরীফ এনামুল কবির ও শরীফপন্থী শিক্ষক হিসেবে পরিচিত উপউপাচার্য অধ্যাপক ড. মো. আমির হোসেনকে ‘উপাচার্যের বিরুদ্ধে মিথ্যা অভিযোগকারী ও চিহ্নিত দুর্নীতিবাজ’ আখ্যা দিয়ে তাঁদের শাস্তির দাবিতে শহীদ মিনারে এই কর্মসূচি পালন করা হয়। এতে বিভিন্ন

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/3030642--004-30642)
Chinese Erhu Star Xu Ke And Other International Perfo
South China Morning Post | Sponsored (https://popup.taboola.com/en/?tem

বিভাগের দেড় শতাধিক শিক্ষক অংশ নেন। একই দাবিতে উপাচার্যের পক্ষের শিক্ষকরা আজ বৃহস্পতিবার দিনব্যাপী জনসংযোগ কর্মসূচি পালন করবেন বলে তাঁরা জানান।

মানববন্ধন কর্মসূচি চলাকালে উপাচার্যবিরোধী আন্দোলনকে অযৌক্তিক বলে দাবি করে তাঁর সমর্থক শিক্ষকরা বক্তব্য দেন। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক অজিত কুমার মজুমদার বলেন, ‘বিশ্ববিদ্যালয়কে অস্থিতিশীল করার জন্য বারবার একটি গোষ্ঠী চক্রান্ত করছে। উপাচার্য ও তাঁর পরিবারের সদস্যদের বিরুদ্ধে দুর্নীতির অবিশ্বাস্য অভিযোগ তুলে উন্নয়নকাজ বন্ধ করার চেষ্টা করা হচ্ছে।’ তিনি মনে করেন, বর্তমান পরিস্থিতি থেকে আলোচনার মাধ্যমেই বের হয়ে আসতে হবে।

তবে গতকাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে আন্দোলনকারীদের সঙ্গে কেউ আলোচনা করতে আসেননি।

উপাচার্য ফারজানা ইসলাম কালের কণ্ঠকে বলেন, ‘দুর্নীতির বিচার বিভাগীয় তদন্ত দাবি অযৌক্তিক। আমি এটা করতে পারি না। আর যেহেতু যুক্তি নেই, তাই পদত্যাগ করার ইচ্ছাও নেই। যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কিংবা শিক্ষা মন্ত্রণালয় তদন্ত করে, করতে পারে।’ যারা দুর্নীতি নিয়ে কথা বলেছেন তাঁরা নিজেরাই দুর্নীতি করেছেন বলে মন্তব্য করেন তিনি।

মন্তব্য

0 Comments Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 14 টুইট

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303
30642--004-30642)

Chinese Erhu Star Xu Ke And Other International Perfo
South China Morning Post | Sponsored (https://popup.taboola.com/en/?tem

চুমু নিয়ে অবাক করা ১০ তথ্য

প্রধানমন্ত্রীর বেতন ১ লাখ ১৫, আর প্রধান বিচারপতির ১ লাখ...

ভারতীয় বাংলা ছবিতে সানি লিওন

'ভেবেছিলাম অন্য সব পুরুষের তুলনায় সে আলাদা, কিন্তু'

বোনের বিয়েতে কানাডায় সানি লিওন

বিয়ের গেটে টাকা নিয়ে তর্ক, বরের মাথা ফাটিয়ে দিল...

ছেলের কারণে বাড়িছাড়া সাজেদা চৌধুরী

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303
30642--004-30642)

**Chinese Erhu Star Xu Ke And Other International Perfo**
**South China Morning Post** | Sponsored **(https://popup.taboola.com/en/?tem**

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303
30642--004-30642)

**Chinese Erhu Star Xu Ke And Other International Perfo**
**South China Morning Post** | Sponsored **(https://popup.taboola.com/en/?tem**

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303(
30642--004-30642)

**Chinese Erhu Star Xu Ke And Other International Perfo**
**South China Morning Post** | Sponsored **(https://popup.taboola.com/en/?temp**

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
You May Like

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/3030459/how-xu-ke-chinas?utm_source=taboola&utm_medium=cpc&utm_campaign=SC-MS-taboola-LCSD_SS-brandedcontent-SC-2019-30642--004-30642)

Chinese Erhu Star Xu Ke And Other International Performers Plan To Break Down World's Musical Barriers

South China Morning Post

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/3030459/how-xu-ke-chinas?utm_source=taboola&utm_medium=cpc&utm_campaign=SC-MS-taboola-LCSD_SS-brandedcontent-SC-2019-30642--004-30642)
(http://a-great-intl-flights.zone?ref=trc.taboola.com&sub_id=eastwestmedia-kalerkantho&sub_id2=1270_sys_flightscityNY_tab_all_all&compkey=Cheap+Flights+From+{{city}}+to+New+York)

Flight Prices from Hobiganj Sadar to New York May Actually Suprise You

Cheap Flights | Search Ads

(http://a-great-intl-flights.zone?ref=trc.taboola.com&sub_id=eastwestmedia-kalerkantho&sub_id2=1270_sys_flightscityNY_tab_all_all&compkey=Cheap+Flights+From+{{city}}+to+New+York)
(http://www.tripminutes.com/25-most-dangerous-cities-in-the-world-for-travelers/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233831873&utm_medium=referral&utm_campaign=DangerousCities-WW-DTM-TRM-TB)

25 Most Dangerous Cities in The World for Travelers

Trip Minutes

(http://www.tripminutes.com/25-most-dangerous-cities-in-the-world-for-travelers/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233831873&utm_medium=referral&utm_campaign=DangerousCities-WW-DTM-TRM-TB)
(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

Getting a Job in the USA Might be Easier Than You Think

Jobs USA | Search Ads

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://www.chairfood.com/top-10-anti-aging-foods-you-should-be-eating/?utm_source=taboola&utm_medium=1159850)

Top 10 Anti-Aging Foods You Should Be Eating

ChairFood

(https://www.chairfood.com/top-10-anti-aging-foods-you-should-be-eating/?utm_source=taboola&utm_medium=1159850)
(http://a-great-in-hair-transplant.fyi?sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=hair+transplant+cost+dubai&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

The Cost of Hair Transplant in Dubai May Surprise You

Hair Transplant | Search Ads

(http://a-great-in-hair-transplant.fyi?sub_id=taboola_3050444_System1_HairTransplant_Desktop_SaudiArabia_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&compkey=hair+transplant+cost+dubai&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303
30642--004-30642)

Chinese Erhu Star Xu Ke And Other International Perfo

South China Morning Post | Sponsored (https://popup.taboola.com/en/?tem

(http://a-prime-uk-jobs.zone?sub_id=taboola_30910_System1_JobsUK_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
**Finding a Job in the UK from India Might Be Easier Than You Think**
**Jobs in the UK | Search Ads**



(http://a-prime-uk-jobs.zone?sub_id=taboola_30910_System1_JobsUK_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://mrgadgetpro.com?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5c3e0d03ef286449385d6652&wtrd_offer_pids[]=5c3e0d56ef2864492b1dc3a5&wtrd_offer_pids[]=5c41c kalerkantho)

**iBooster: The best solution to internet problems**
**iBooster**

(https://mrgadgetpro.com?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5c3e0d03ef286449385d6652&wtrd_offer_pids[]=5c3e0d56ef2864492b1dc3a5&wtrd_offer_pids[]=5c41c kalerkantho)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com

(https://www.scmp.com/native/lifestyle/arts-culture/topics/sights-and-sounds/article/303 30642--004-30642)

**Chinese Erhu Star Xu Ke And Other International Perfo**
**South China Morning Post** | Sponsored **(https://popup.taboola.com/en/?tem**